



ডীন কার্যালয়
পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

স্মারক নংঃ- শেকৃবি/ডীন/পিজিএস/.৮.৫৮


তারিখঃ ২৮/০৬/২০২৬

নোটিশ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এমএস ও পিএইচডি প্রোগ্রাম সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান/কোর্স কো-অর্ডিনেটরগণ ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জানুয়ারী-জুন/২০২৫ ও জানুয়ারী-জুন/২০২৬ সেমিস্টারের গত ১৬/০৬/২০২৬ তারিখে নির্ধারিত মিড সেমিস্টার পরীক্ষায় যে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করেনি তাদেরকে উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণ করার জন্য বলা হলো।

- শিক্ষার্থীগণ আগামী ২৯/০৬/২০২৬ তারিখের মধ্যে যথাযথ কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কোর্স শিক্ষকগণের সুপারিশসহ স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান/কোর্স কো-অর্ডিনেটর বরাবর আবেদন করবে।
- শিক্ষার্থীদের আবেদনের বিষয় বিবেচনাপূর্বক আগামী ৩০/০৬/২০২৬ তারিখ পূর্বাফে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যান/কোর্স কো-অর্ডিনেটর পরীক্ষা অনুষ্ঠানের জন্য শিক্ষার্থীদের সংখ্যা উল্লেখ করে ডীন, পিজিএস বরাবর পত্র প্রেরণ করবেন।
- ডীন, পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ আসন সংখ্যা অনুযায়ী পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট থেকে খাতা সংগ্রহপূর্বক স্ব-স্ব বিভাগে প্রেরণ করবেন।
- বিভাগীয় চেয়ারম্যান/কোর্স কো-অর্ডিনেটরগণ সংশ্লিষ্ট কোর্স শিক্ষকের সহায়তায় নির্ধারিত কোর্সের মিড সেমিস্টার পরীক্ষা সম্পন্ন করবেন।
- পরীক্ষা আগামী ০১/০৭/২০২৬ তারিখ বেলা ২:০০ টায় স্ব-স্ব বিভাগে অনুষ্ঠিত হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(প্রফেসর ড. এ. সালাহউদ্দিন মাহমুদ চৌধুরী)
ডীন

পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বিতরণ :

বিভাগীয় চেয়ারম্যান/কোর্স কো-অর্ডিনেটর

..... বিভাগ, শেকৃবি, ঢাকা।

অনুলিপি :

- ০১। পরিচালক, আইসিটি, শেকৃবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে)।
- ০২। একান্ত সচিব ভাইস চ্যান্সেলর সচিবালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
- ০৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, শেকৃবি ঢাকা (প্রচারের নিমিত্তে)।
- ০৪। পিএ টু প্রো-ভাইস চ্যান্সেলর (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য) শেকৃবি, ঢাকা।
- ০৫। অফিস কপি।